৬২

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 10 NOV 1997
পৃষ্ঠা ১৬ কলাম ৩

# জা'নগর বিশ্ববিদ্যালয়ঃ ছাত্রলীগের দুই গ্রুপে সংঘর্ষ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় হইতে সংবাদদাতা ॥ গতকাল (রবিবার) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের আভ্যন্তরীণ দুই গ্রুপের সংঘর্ষে ৪জন আহত হইয়াছে। জানা যায়, গতকাল দুপুর ২টায় ছাত্রলীগের বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক সামসুল তৌহিদ সমর্থিত গ্রুপের কর্মীরা কেন্দ্রীয় ক্যাফেটেরিয়ায় দুপুরের ভাত খাইতে গেলে সভাপতি শেখ মোঃ নূরুজ্জামান সমর্থিত গ্রুপের ক্যাডাররা অস্ত্রশস্ত্রে সজ্জিত হইয়া কাঁকর গ্রুপের কর্মীদের উপর হামলা চালাইলে সংঘর্ষ বাধিয়া যায়। সংঘর্ষে কামালউদ্দিন হল শাখার সাধারণ সম্পাদক মাহফুজ মারাত্মকভাবে আহত হয়। পরে পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। তবে প্রক্টরের উপস্থিতিতেই নূরুজ্জামান গ্রুপের ক্যাডাররা কাঁকর গ্রুপের নেতা সুমন (পদার্থ বিজ্ঞান, ৩য় বর্ষের ছাত্র) এবং নেয়ামুল (প্রত্নতত্ত্ব, ১ম বর্ষের ছাত্র) কে প্রহার করিয়া ডেইরী ফার্ম গেইট হইতে ঢাকাগামী বাসে তুলিয়া দেয়।